দৈনিক ইত্তেফাক

তারিখ ... 07 MAR 1990
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

10

৩২

# পরীক্ষা কেন্দ্রে হামলায় ১২ জন আহত ॥ ফাঁকা গুলী

দাউদকান্দি (কুমিল্লা) সংবাদদাতার ফোন: মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষায় ইতিপূর্বে দাউদকান্দি কেন্দ্র হইতে নকলের দায়ে বহিষ্কৃত এক পরীক্ষার্থিনীকে

(১১শ পৃ: দ্র:)

## পরীক্ষা কেন্দ্রে

( ১ম পৃ: পর )

গতকাল পুনরায় পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ দানের ঘটনাকে কেন্দ্র করিয়া পরীক্ষা শুরুর ২ ঘন্টা পর প্রশাসন ও হল কর্তৃপক্ষের মধ্যে অপ্রীতিকর ঘটনা ঘটে এবং এক পর্যায়ে পরীক্ষার্থী ও বহিরাগতদের হামলায় মাদ্রাসার প্রিন্সিপাল, স্থানীয় ২ জন সংবাদদাতা ও ২ জন পুলিশসহ মোট ১১ জন আহত হয়। হামলাকারীরা উপজেলা নির্বাহী অফিসারের গাড়ীসহ ৩টি গাড়ী ভাঙ্গচুর এবং হলের বেড়া ও আসবাবপত্রের ক্ষতিসাধন করে। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনার জন্য পুলিশ ৪ রাউণ্ড ফাঁকা গুলীবর্ষণ করে। অপরাহ্নে পুনরায় পরীক্ষা শুরু হইলেও প্রথমে অংশগ্রহণকারী ৮ জন পরীক্ষার্থী অনুপস্থিত থাকে। উল্লেখ্য, ৫ দিনের পরীক্ষায় এই কেন্দ্র হইতে অসদুপায় অবলম্বনের দায়ে মোট ৪০ জনকে বহিষ্কার করা হয়।